

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.১৭১.২৪.১২

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: : “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত
মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসঙ্গে।
সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১২১৪, তারিখঃ ০৬/০১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, লুগাং ভিয়ানওয়াই (বাংলাদেশ) লিমিটেড, অফিস এবং কারখানাঃ ২০, সিডস্টোর বাজার, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যা বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, যার নিবন্ধন সংখ্যা- যার নিবন্ধন সংখ্যা-পরিঃ/স্পিনিং:-০০০০০৭৪৮-২০২৪, তারিখ-১৪/০২/২০২৪ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুসমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/ যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- SHMJL006, তারিখ- 20/12/24 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- WPZJGSE24120113, তারিখ-24/12/24 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য-22,702.00 মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/ যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ ২০, সিডস্টোর বাজার, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ ২০, সিডস্টোর বাজার, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানিকৃত মেশিনারীজ/ যন্ত্রাংশ সমূহ আগামী ০৩ (তিন) মাসের মধ্যে কারখানায় স্থাপন পূর্বক বস্ত্র অধিদপ্তরে হতে নিবন্ধন সংশোধন/সম্প্রসারণ/সংযোজন করতে হবে। অন্যথায় নিবন্ধন পত্রটি বাতিল বলে গণ্য হবে।
- আমদানিকৃত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ১০০% রপ্তানীমুখী তৈরী পোশাক উৎপাদনে ব্যবহার করতে হবে।



০৭-০১-২০২৫

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক